দেশাত্মবোধক গানে জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অর্জন করলো চুয়াডাঙ্গার ছোঁয়া

জাতীয় শিক্ষা সপ্তাহ–২০২৬ উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক প্রতিযোগিতায় দেশাত্মবোধক গানে জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অর্জন করে চুয়াডাঙ্গা জেলার জন্য গৌরব বয়ে এনেছে তাসনিম তাবাসসুম ছোঁয়া। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে অংশগ্রহণ করে ‘গ’ বিভাগে সারা দেশের প্রতিযোগীদের মধ্যে এই কৃতিত্বপূর্ণ সাফল্য অর্জন করেন।

প্রতিযোগিতার ধারাবাহিকতায় তাসনিম তাবাসসুম ছোঁয়া প্রথমে উপজেলা পর্যায়ে অংশগ্রহণ করেন। এরপর ধারাবাহিক সাফল্যের মাধ্যমে জেলা ও বিভাগীয় পর্যায় অতিক্রম করে জাতীয় পর্যায়ে পৌঁছে দেশাত্মবোধক গানে তৃতীয় স্থান অর্জন করতে সক্ষম হন।

এই সাফল্যের স্বীকৃতিস্বরূপ গতকাল ২০ তারিখ সকাল ১১টায় ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহ–২০২৬-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির হাত থেকে সম্মাননা ও পুরস্কার গ্রহণ করেন তাসনিম তাবাসসুম ছোঁয়া। অনুষ্ঠানে দেশের বিভিন্ন পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

তাসনিম তাবাসসুম ছোঁয়া চুয়াডাঙ্গা শহরের মহিলা কলেজ পাড়ার বাসিন্দা এবং একাদশ শ্রেণির ছাত্রী। তিনি মোঃ শরিফুল ইসলাম ও তুহিন সুলতানার কন্যা। ছোটবেলা থেকেই সংগীতচর্চার প্রতি তার গভীর আগ্রহ, নিয়মিত অনুশীলন ও নিষ্ঠাই এই সাফল্যের পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে সংশ্লিষ্টরা জানান।

এই অর্জনের পেছনে যাঁদের সার্বিক সহযোগিতা ও অনুপ্রেরণা রয়েছে—শিক্ষকবৃন্দ, অভিভাবক, প্রশিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রশাসন এবং সর্বস্তরের শুভানুধ্যায়ীদের প্রতি তাসনিম তাবাসসুম ছোঁয়া ও তাঁর পরিবার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

তার এই সাফল্যে পরিবার, শিক্ষকসমাজ এবং এলাকাবাসীর মধ্যে ব্যাপক আনন্দ ও গর্বের অনুভূতি বিরাজ করছে। স্থানীয় সচেতন মহল আশা প্রকাশ করেছেন, ভবিষ্যতেও তিনি জাতীয় পর্যায়ে আরও বড় সাফল্য